JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/21/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ফ্রিপোর্ট গ্রামে বৈদ্যুতিক অবকাঠামো উন্নয়নের জন্য 7 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প সমাপ্তির ঘোষণা দিয়েছেন

ফ্রিপোর্ট চ্যানেলের অধীনে নতুন বৈদ্যুতিক তারের স্থাপন ঝড়ের সময় বৈদ্যুতিক বিভ্রাটের কারণে জরুরি সেবাকে সচল রাখবে, পুনরুদ্ধার এবং পুনঃসচল প্রক্রিয়াকে সহজতর করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ফ্রিপোর্ট চ্যানেল ক্রসিং বৈদ্যুতিক উন্নয়ন প্রকল্প (Freeport Channel Crossing Electrical Improvements Project)-এর সমাপ্তির ঘোষণা দিয়েছেন, যেটি ফ্রিপোর্ট গ্রামে পুরনো অবকাঠামোকে পুনর্নবীকরণ করার জন্য 7 মিলিয়ন মার্কিন ডলারেরও অধিক একটি কর্ম উদ্যোগ। প্রকল্পটি ফ্রিপোর্ট গ্রামের সাথে মিলে গভর্নরস অফিস অব স্টর্ম রিকভারি (Governor's Office of Storm Recovery, GOSR) দ্বারা পরিচালিত হয়েছিল, ফ্রিপোর্ট চ্যানেলের নিচে নতুন সাবমেরিন ক্যাবল স্থাপন করেছিল যেটি আবহাওয়াজনিত বিদ্যুৎ বিভ্রাটের সময় জরুরি সেবাগুলোতে বিদ্যুৎ সরবরাহ করতে পারে। এই প্রকল্পটি অবকাঠামোগত উন্নয়নে গ্রামের কর্ম ও প্রচেষ্টার একটি অংশ যা সুপারস্টর্ম স্যান্ডির পর হাতে নেওয়া হয়েছে যা প্রায় 3,700 জন সেবা গ্রহীতাকে বিদ্যুৎ বিভ্রাটের ঘটনায় ভুক্তভোগী করেছে— যেগুলোর মধ্যে অগ্নি নির্বাপন কেন্দ্র এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ভবন রয়েছে— যা তাৎক্ষণিক পুনরুদ্ধার কার্যক্রম শুরু করার জন্য কমিউনিটির সক্ষমতাকে ব্যাহত করেছে।

"যেহেতু বৈরি আবহাওয়া স্বাভাবিক হয়ে উঠছে তাই এটি খুবই গুরুত্বপূর্ণ যে নিউ ইয়র্কের কমিউনিটিগুলি উন্নত অবকাঠামো তৈরি করছে যা জননিরাপত্তার উন্নয়ন ঘটাবে এবং এ সমস্ত ঘটনার সময় যেন প্রয়োজনীয় সরকারি এবং জরুরি সেবাগুলোর ক্ষেত্রে কোনো রকমের বাধা তৈরি না করে", **গভর্নর কুওমো বলেন।** "এই প্রকল্পের সমাপ্তি নিউ ইয়র্কে যে সমস্ত বাসিন্দা উক্ত এলাকায় বসবাস করেন তাদের জন্য বিদ্যুৎ বিভ্রাট কমিয়ে আনতে সহযোগিতা করবে যা প্রথম প্রতিক্রিয়াকারী ও ইউটিলিটি কর্মীদের জন্য একটি নিরাপদ পরিবেশ তৈরি করবে এবং ফ্রিপোর্টকে পূর্বের চাইতে আরও বেশি শক্তিশালী এবং প্রতিরোধী করে তুলবে।"

"সুপারস্টর্ম স্যান্ডির ভয়াবহ পরিণতি, নিউ ইয়র্কে জরুরি অবকাঠামোতে বিনিয়োগ করতে এবং নতুন প্রকল্পের দ্বারা সহনীয়তা নিশ্চিত করতে পথ দেখিয়েছে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা জানি বড় বড় ঝড়গুলো স্টেট ও দেশজুড়ে ব্যাপক প্রচলিত হয়ে যাচ্ছে এবং তাই আমাদেরকে অবশ্যই প্রস্তুতি গ্রহণ করতে হবে। ফ্রিপোর্ট গ্রামে এই উন্নয়নগুলোর মাধ্যমে আমরা বিদ্যুৎ বিভ্রাট প্রতিরোধে অত্যাধুনিক প্রচেষ্টা গ্রহণ করছি এবং নিউ ইয়র্কের সকল বাসিন্দার জন্য নিরাপত্তা নিশ্চিত করছি।"

ফ্রিপোর্ট চ্যানেল ক্রসিং বৈদ্যুতিক উন্নয়ন প্রকল্পের মাধ্যমে নতুন কেবল, বৈদ্যুতিক খুঁটি এবং আড়াআড়ি খুঁটিগুলো—সব তৈরি করা গেছে আবহাওয়া সম্পর্কিত গুরুত্বপূর্ণ পরিস্থিতি মোকাবেলায়—প্রাথমিক অর্থনৈতিক ডিস্ট্রিক্টগুলোর জন্য বিদ্যুৎ নিরাপত্তা নিশ্চিত করতে বসানো হয়েছে, নটিক্যাল মাইল এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ সম্পদ যেমন- স্কুল, অগ্নিনির্বাপণ কেন্দ্র বা স্টেশন এবং বন্যা সতর্কীকরণ সংকেত। বৈদ্যুতিক লাইনগুলো মাটির নিচে দিয়ে নেওয়ার কৌশলগত সিদ্ধান্ত ফ্রিপোর্টের বৈদ্যুতিক গ্রিটকে রক্ষা করবে যা বৈদ্যুতিক অগ্নিকাণ্ড এবং মানুষের আহত হওয়ার ঝুঁকি হ্রাস করবে।

গভর্নরস অফিস অব স্টর্ম রিকভারি এর ভারপ্রাপ্ত সাধারণ কাউন্সিল ও চীফ এক্সটার্নাল অ্যাফেয়ার্স অফিসার এমিলি থম্পসন বলেন, "ব্যাপক বিদ্যুৎ বিভ্রাটের ঘটনাগুলি কেবলমাত্র বৈরি আবহাওয়া সংক্রান্ত ঘটনাগুলোর সময় ও পরে কমিউনিটিগুলিকে মারাত্মকভাবে প্রভাবিত হয়। নিউ ইয়র্ক রাইজিং কমিউনিটি পুনর্নির্মাণ (NY Rising Community Reconstruction, NYRCR) প্রোগ্রাম-এর মাধ্যমে গভর্নর কুওমো ঝড় দ্বারা-প্রভাবিত মিউনিসিপ্যালিসিটিসমূহকে যেমন- বিভিন্ন কর্মপদ্ধতির মাধ্যমে ফ্রিপোর্ট গ্রামের মতো গ্রামগুলিকে স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদি চাহিদাবলী পূরণের উপায় সরবরাহ করেছে। লং আইল্যান্ডে অন্যান্য পুনরুদ্ধার এবং স্থিতিশীলকরণ প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি ফ্রিপোর্ট চ্যানেল ক্রসিং বৈদ্যুতিক উন্নয়ন প্রকল্পটি ক্রমবর্ধমান ঘন ঘন ঝড়ের হাত থেকে অঞ্চলটিকে আরও ভালোভাবে প্রস্তুত করতে সাহায্য করবে।"

সেনেটর জন ব্রুকস বলেন, "এমন কোনো সময় যখন আবহাওয়া সংক্রান্ত জরুরি অবস্থা ঘটার সম্ভাবনা বেড়ে যায় তখন এটি খুবই গুরুত্বপূর্ণ যে আমাদের স্টেট এবং স্থানীয় নেতৃবৃন্দ গুরুত্বপূর্ণ চাহিদাবলী পূরণে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে। ফ্রিপোর্টের বৈদ্যুতিক গ্রিডটি সুপারস্টর্ম স্যান্ডি আঘাতের পর বৈরি আবহাওয়ার ঘটনায় ঝুঁকিপূর্ণ প্রমাণিত হয়েছে, যার ফলে ডাউন পাওয়ার লাইন, আবাসিক ব্ল্যাকআউট এবং জরুরি সেবা অবকাঠামোতে প্রয়োজনীয় শক্তি হ্রাস পেয়েছে। এই প্রকল্পের সফল বাস্তবায়ন জীবন ও অর্থ-সম্পদ রক্ষা করতে পারবে এবং করবে যখন পরবর্তী ঝড় কিংবা অন্যান্য বিপর্যয় লং আইল্যান্ডকে আঘাত করবে। আমাদের পূর্বের দুর্বলতা থেকে শেখার মাধ্যমে ভবিষ্যতের বিপর্যয় থেকে আমাদের কমিউনিটিকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আমি গভর্নরস অফিস অব স্টর্ম রিকভারি এর প্রশংসা করি।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির পরিবেশ সংরক্ষণ কমিটির সদস্য অ্যাসেম্বলি (New York State Assembly Environmental Conservation Committee) মেম্বার জুডি গ্রিফিন বলেন, "ফ্রিপোর্ট চ্যানেল ক্রসিং বৈদ্যুতিক উন্নয়ন প্রকল্পের সমাপ্তি গ্রামের আবহাওয়াজনিত বিদ্যুৎ বিভ্রাট যা আমরা সুপারস্টর্ম স্যান্ডির সময়ে অভিজ্ঞতা লাভ করেছি সে সমস্ত ক্ষেত্রে গ্রামের প্রতিরোধ ক্ষমতাকে উন্নত করবে। এটি নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে এই ডিস্ট্রিক্টের উন্নয়নে একটি বড় পদক্ষেপ, বিশেষ করে আমাদের সবার প্রিয় ফ্রিপোর্টের নটিক্যাল মাইল অঞ্চলে এবং আমি এই গুরুত্বপূর্ণ তহবিল সুরক্ষিত রাখার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

ফ্রিপোর্ট মেয়র রবার্ট টি. কেনেডি বলেন, "এলাকার বাসিন্দাগণ ও ব্যবসা প্রতিষ্ঠানগুলো নাসাউ কাউন্টি-এর স্থিতিশীলতা আনয়নে এবং ফ্রিপোর্ট সুপারস্টর্ম স্যান্ডির পর গভর্নর কুওমোর প্রচেষ্টাকে সাধুবাদ জানায়।"

নাসাউ কাউন্টিজুড়ে, নিউ ইয়র্ক সিটির বাইরে স্টেটের সবচাইতে ঘনবসতিপূর্ণ এলাকাগুলোর একটি, যেখানে প্রচুর পরিমাণে মাটি জমে গিয়েছিল, বাড়িগুলি ক্ষতিগ্রস্ত হয়েছিল বা ধ্বংস হয়েছিল, ভারী ধ্বংসাবশেষে আবৃত হয়েছিল এবং রাস্তাঘাট অবরুদ্ধ করেছিল এবং গুরুত্বপূর্ণ বিদ্যুতের লাইনগুলিতে চলাচল এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে বাধা সৃষ্টি করেছিল। ফ্রিপোর্ট চ্যানেলে বিভিন্ন নৌযানগুলোকে শুষ্ক ডক থেকে উঠিয়ে ফেলা হয়েছিল কারণ নৌকা এবং অন্যান্য ধ্বংসাবশেষগুলো বিভিন্ন সংযোগস্থলে আটকে গিয়েছিল। এই অবকাঠামোটি 1967 সালে, ফ্রিপোর্টের এক-চতুর্থাংশ এলাকায় বিদ্যুৎ সরবরাহ করতো। ফ্রিপোর্ট ইলেকট্রিক হলো লং আইল্যান্ডে সর্ববৃহৎ সরকারি ইউটিলিটি যা 43,000 এরও অধিক ভোক্তাকে সেবা প্রদান করে।

গভর্নর কুওমো সুপারস্টর্ম স্যান্ডি, হারিকেন আইরিন এবং ট্রপিকাল স্টর্ম লি এর পর পুনরুদ্ধার এবং স্থিতিশীলতা প্রক্রিয়ায় বাসিন্দাদের ক্ষমতায়ন এবং তাদের কমিউনিটির নির্দিষ্ট চাহিদা ও সম্পদের বিষয়ে কথা বলার জন্য নিউ ইয়র্ক রাইজিং কমিউনিটি রিকনস্ট্রাকশন (NYRCR) প্রোগ্রাম 2013 সালে প্রতিষ্ঠা করেছেন। ফ্রিপোর্ট চ্যানেল ক্রসিং বৈদ্যুতিক উন্নয়ন প্রকল্পটি হচ্ছে স্থানীয়ভাবে পরিকল্পিত অনেকগুলো প্রকল্পের একটি যা স্টেটজুড়ে নিউ ইয়র্ক রাইজিং কমিউনিটি রিকনস্ট্রাকশন (NYRCR) প্রোগ্রামের মাধ্যমে সামনে এগোচ্ছে, এছাড়াও ফ্রিপোর্ট গ্রামের জন্য একটি নতুন বিদ্যুৎ বিভ্রাট ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নে 300,000 মার্কিন ডলার মূল্যের উন্নয়ন অবকাঠামো অন্তর্ভুক্ত রয়েছে—যা 2018 এর শরতে উন্মোচন করা হয়েছে।

2013 সালের জুন মাসে প্রতিষ্ঠিত, গভর্নরস অফিস অব স্টর্ম রিকভারি (GOSR) স্টেটজুড়ে সুপারস্টর্ম স্যান্ডি, হারিকেন আইরিন এবং ট্রপিক্যাল স্টর্ম লি পরবর্তী পুনরুদ্ধার কাজের সমন্বয় সাধন করে। এর নিউ ইয়র্ক রাইজিং আবাসন পুনরুদ্ধার, ক্ষুদ্র ব্যবসা, কমিউনিটি পুনর্গঠন, পরিকাঠামো এবং নকশা অনুযায়ী পুনর্নির্মাণ, কর্মসূচিগুলির মাধ্যমে গভর্নরস অফিস অব স্টর্ম রিকভারি (GOSR) ফেডারেল কমিউনিটি উন্নয়ন ব্লক অনুদান - দুর্যোগ পুনরুদ্ধার তহবিলে 4.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে যাতে বৈরি আবহাওয়াজনিত পরিস্থিতির জন্য নিউ ইয়র্ক আরও ভালোভাবে প্রস্তুত হতে পারে। গভর্নরস অফিস অব স্টর্ম রিকভারি (GOSR) এবং এর কর্মসূচিগুলির বিষয়ে আরও তথ্য অনলাইনে পাওয়া যাবে এখানে: http://stormrecovery.ny.gov/।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন